আজকের কাগজ

তারিখ 07 MAR 1993
পৃষ্ঠা ৬ কলাম ২

# রাজবাড়ীতে ৪০ হাজার শিশু প্রাথমিক শিক্ষা থেকে বঞ্চিত

রাজবাড়ী জেলার ৪টি থানায় প্রয়োজনীয় শিক্ষক-শিক্ষিকা, শিক্ষা উপকরণ ও অভিভাকদের আর্থিক দৈন্যতার কারণে জেলার প্রায় ৪০ হাজার শিশু প্রাথমিক শিক্ষা থেকে বঞ্চিত হচ্ছে। জানা গেছে, রাজবাড়ী জেলায় মোট ২শ' ৬৩টি সরকারি, ৫১টি রেজিস্টার্ড ও রেজিস্টার্ড ছাড়া ১৭টি প্রাথমিক বিদ্যালয় রয়েছে। এ জেলায় স্কুল গমনোউপযোগী শিশুর সংখ্যা ১ লাখ ২৪ হাজার ৭শ' ৩১ জন। এর মধ্যে বিদ্যালয়ে অধ্যয়নরত রয়েছে ১৮ হাজার ১শ' ১০ জন, বাকি ২৬ হাজার ৬শ' ২১ জন শিশু বিভিন্ন কারণে শিক্ষা লাভের সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে। বেসরকারি হিসেবে শিক্ষা লাভের সুযোগ থেকে বঞ্চিত শিশুর সংখ্যা প্রায় ৪০ হাজার। জেলার সরকারি প্রাথমিক বিদ্যালয়ে অধ্যয়নরত ছাত্রদের পাঠাদানের জন্যে প্রয়োজনের তুলনায় শিক্ষকের সংখ্যা নিতান্তই কম। প্রাপ্ত তথ্যে জানা গেছে, জেলায় ২৫টি প্রধান শিক্ষক ও ৩২টি সহকারী শিক্ষকের পদ শূন্য রয়েছে। এছাড়া স্কুল গমনোপযোগী উল্লেখযোগ্য শিশুর স্কুলে যাতায়াতের প্রধান সমস্যা অর্থনৈতিক অসচ্ছলতা। রাজবাড়ী থেকে খান মোঃ জহুরুল হক।